

২০২৫ বাংলা

(মেজর)

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমিস্টার

কোর্স কোড : BENG-CC-101

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) চর্যাপদের দুটি ঐতিহাসিক গুরুত্ব লেখো।
- খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কোন্ খণ্ডটির নামকরণ প্রসঙ্গে বিতর্ক রয়েছে? সেই বিতর্কটি কী?
- গ) 'গৌড়েশ্বর দিলা নাম গুণরাজ খান'—গুণরাজ খান কে? তাঁর রচিত কাব্যটির নাম লেখো।
- ঘ) কবি কৃত্তিবাস ওঝার রামায়ণ কাব্যে বর্ণিত বাঙালি সংস্কৃতির দুটি পরিচয় উল্লেখ করো।
- ঙ) বাংলা সাহিত্যে কোন কবিকে 'মৈথিল কোকিল' বলা হয়? তিনি কোন সময়ের কবি ছিলেন?
- চ) কে কাকে 'চৈতন্য লীলার ব্যাস' বলে বন্দনা করেছেন?
- ছ) কৃষ্ণদাস কবিরাজ রচিত আদিলীলায় চৈতন্য জীবনের কোন কাহিনি বর্ণিত হয়েছে?

[পরের পাতায়]

- জ) মনসামঙ্গল কাব্যকে 'অষ্টমঙ্গল' বলা হয় কেন?
- ঝ) মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী? এই কাব্যের প্রধান কাহিনি দুটি উল্লেখ করো।
- ঞ) মধ্যযুগের কোন্ কোন্ কাব্যে দেব মহিমার তুলনায় মানব-মানবীর প্রণয় কাহিনি প্রাধান্য পেয়েছে?
- ট) মধ্যযুগের কোন কাব্যধারায় মা-মেয়ের সম্পর্কে প্রাধান্য দেওয়া হয়েছে? এই কাব্যধারার প্রধান দুজন কবির নাম লেখো।
- ঠ) মধ্য ভারতীয় আর্য ভাষার সময়সীমা উল্লেখ করো। আদি মধ্য যুগের একটি কাব্য নিদর্শনের নাম লেখো।
- ড) কোন্ কোন্ লিপি বিবর্তিত হয়ে বাংলা লিপির উদ্ভব হয়েছে বলে মনে করা হয়?
- ঢ) যৌগিক স্বরধ্বনির সংজ্ঞা দাও।
- ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো—রবীন্দ্রনাথ ঠাকুর।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$

- ক) চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়? তিনি কোন রসপর্যায়ের পদে বিশেষ কৃতিত্ব অর্জন করেছেন? তাঁর কবিকৃতির সংক্ষিপ্ত বিবরণ দাও।
- খ) টীকা লেখো (যে-কোনো একটি):
চাঁদ সদাগর, লাউসেন।
- গ) বাংলা অনুবাদ সাহিত্যের ধারায় মহাভারতের দুজন অনুবাদকের নাম উল্লেখ করে এই ধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব সংক্ষেপে বিবৃত করো।

- ঘ) মনসামঙ্গল কাব্যধারার কবি নারায়ণ দেবের কাব্য-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) টীকা লেখো (যে-কোনো দুটি):
নাসিক্যব্যঞ্জন, ওষ্ঠ্যধ্বনি, মহাপ্রাণধ্বনি, অঘোষধ্বনি।
- চ) নীচের অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো:
স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না। কিন্তু যে-ই আঁকুক সে-ই ছবি আঁকে। অর্থাৎ যাহা কিছু ঘটতেছে তাহার অবিকল নকল রাখিবার জন্য সে তুলি হাতে বসিয়া নাই। সে আপনার অভিরুচি অনুসারে কত কি বাদ দেয়, কত কি রাখে।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$

- ক) 'চণ্ডীদাস সহজ ভাষার সহজ ভাবের কবি'—রবীন্দ্রনাথের উক্তির আলোকে কবি চণ্ডীদাসের কৃতিত্ব বিচার করো।
- খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে উল্লেখিত নারী চরিত্রগুলি অবলম্বনে তৎকালীন সমাজে নারী সমাজের অবস্থান নির্ণয় করো।
- গ) বাংলার সমাজ ও সাহিত্যে তুর্কী আক্রমণের গুরুত্ব বিচার করো।
- ঘ) প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।